দৈনিক সংবাদ

তারিখ ... APR. ৯ ... 1999

পৃষ্ঠা ২ কলাম ৭

সেমিনারে তথ্য প্রকাশ

# শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি শিক্ষার্থীর সংখ্যা বাড়িয়েছে

শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি দেশের বিভিন্ন অঞ্চলে নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করেছে, নিশ্চিত করেছে অধিক উপস্থিতি এবং হ্রাস করেছে শিক্ষার্থীদের ঝরে পড়ার হার। খবর বাসসর।

শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির মূল্যায়নের জন্য আয়োজিত এক সেমিনারে বলা হয়, এই কর্মসূচির আওতায় নির্বাচিত স্কুলগুলোতে অত্যন্ত দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের সংখ্যা শতকরা ২৮ দশমিক ১ ভাগ বেড়েছে। এই কর্মসূচি অন্তর্ভুক্ত করার আগে শিক্ষার্থীদের উপস্থিতির হার ছিল ৬৩ ভাগ আর অন্তর্ভুক্ত করার পর তা বেড়ে শতকরা ৭৭ দশমিক ৬ ভাগে গিয়ে দাঁড়ায়।

বৃহস্পতিবার নীলক্ষেতে প্লানিং এন্ড ডেভেলপমেন্ট একাডেমি অডিটরিয়ামে সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেন, আমাদের শিশুদের মৌলিক প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার জন্য প্রাথমিক শিক্ষার প্রশাসনের সঙ্গে প্রাইমারি স্কুল শিক্ষকদের তাঁদের সেবা উৎসর্গ করা উচিত।